# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**20-04-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনের জন্য প্রচারাভিযানের সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে। এর সঙ্গেই শুরু হবে সাইলেন্স পিরিয়ড। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে মিটিং মিছিল জনসভা করছেন।

২) নির্বাচন সংক্রান্ত কাজকর্ম পর্যালোচনা করতে মুখ্য নির্বাচনী আধিকারিকের নেতৃত্বে এক প্রতিনিধি দল জেলা সফরের শুরুতে মালদায় প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছেন।

ভোট চলাকালীন বুথগুলিতে অশান্তির ঘটনার খবর মিললে সেখানে নিশ্চিতভাবে পুনর্নির্বাচন হবে বলে জানিয়েছেন সিইও।

৩) কলেজের অধ্যাপকদের প্রিসাইডিং অফিসার হিসেবে নিয়োগ খারিজ সংক্রান্ত কলকাতা হাইকোর্টের সিঙ্গেল বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছে নির্বাচন কমিশন।

৪) সুপ্রিম কোর্টের নির্দেশ মত অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ হচ্ছে না, এই অভিযোগে নতুন করে শীর্ষ আদালতের দৃষ্টি আকর্ষণ এক আইনজীবীর।

৫) দক্ষিণবঙ্গে চলতি সপ্তাহে গরম ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কতা দেওয়া হয়েছে। আগামীকাল পর্যন্ত উত্তরবঙ্গের সব জেলাতেই বৃষ্টির সম্ভাবনা।

---

রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনের জন্য প্রচারাভিযানের সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে। এর সঙ্গেই শুরু হবে সাইলেন্স পিরিয়ড। এই দফায় আগামী ২৩-শে এপ্রিল ১৫২-টি আসনে ভোট নেওয়া হবে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে মিটিং মিছিল জনসভা করছেন।

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, আজ পূর্ব মেদিনীপুরের মহিষাদলে একটি জনসভায় অংশ নেন। তিনি বলেন, মা মাটি মানুষের সরকার অনুপ্রবেশকারীদের সহায়তা দিয়ে বাংলার মানুষকে বঞ্চিত করেছে।

পূর্ব মেদিনীপুরের এগরা এবং পশ্চিম মেদিনীপুরের কেশিয়ারিতে দুটি রোড শো-য় অংশ নিচ্ছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বীরভূমের নানুরে দলীয় প্রার্থীদের সমর্থনে এক জনসভা করেন। তিনি দুর্নীতি সহ বিভিন্ন ইস্যুতে তৃণমূল কংগ্রেস সরকারকে কড়া ভাষায় আক্রমণ করেন তিনি।

বাইট রাজনাথ

পশ্চিম মেদিনীপুরের পিংলায় জনসভা করছেন বিজেপি নেতা উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আগামীকাল রাজ্যে চারটি জনসভা করবেন। দার্জিলিং, পশ্চিম বর্ধমানের কুলটি, পশ্চিম মেদিনীপুরের শালবনী এবং পূর্ব মেদিনীপুরের চন্ডীপুরে চারটি সভা হওয়ার কথা। দক্ষিণ ২৪ পরগণার সোনারপুর দক্ষিণের প্রার্থীর সমর্থনে তিনি যাদবপুরে রোড শো করবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় আজ উত্তর ২৪ পরগণার খড়দায় দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় বক্তব্য রাখবেন। গতকাল মুখ্যমন্ত্রী হুগলীর তারকেশ্বর, পূর্ব বর্ধমানের কালনা ও মন্তেশ্বরে দলীর প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দেন। কর্মসংস্থান নিয়ে বিজেপি সরকারের সমালোচনায় সরব হন তিনি।

বাইট মমতা

দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ পুরুলিয়ার বলরামপুর, বাঁকুড়ার রানীবাঁধ ও পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনায় জনসভা করবেন।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে আজ কোচবিহার এবং শিলিগুড়ির নকশালবাড়িতে জনসভা করবেন।

-----------------

রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচন সংক্রান্ত কাজকর্ম এবং ভোট প্রস্তুতি পর্যালোচনা করতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ দু'দিনের জেলা সফর শুরু করেছেন। সকালে কলকাতা থেকে মালদা পৌঁছে জেলা প্রশাসনিক ভবনে উচ্চ পর্যায়ের বৈঠক করেন শ্রী আগারওয়াল। উপস্থিত ছিলেন জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক, বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি ও প্রার্থীরা। বৈঠকের পর শ্রী আগারওয়াল সাংবাদিকদের বলেন, যেসমস্ত বুথে ভোট চলাকালীন অশান্তির ঘটনার খবর পাওয়া যাবে, সেখানে পুনর্নির্বাচন নিশ্চিত।

বাইট মনোজ আগারওয়াল

এরপর তিনি উত্তর দিনাজপুর এবং কোচবিহারে ভোটের প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখবেন।

আগামীকাল সকালে কোচবিহার থেকে পশ্চিম মেদিনীপুর যাবেন তিনি।

-----------------

কলেজের অধ্যাপকদের প্রিসাইডিং অফিসার হিসেবে নিয়োগ খারিজ সংক্রান্ত কলকাতা হাইকোর্টের সিঙ্গেল বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছে নির্বাচন কমিশন। গত শুক্রবার বিচারপতি কৃষ্ণা রাও কলেজের অধ্যাপকদের প্রিসাইডিং অফিসার হিসেবে নিয়োগের বিজ্ঞপ্তি খারিজ করে দেন। কমিশনের পক্ষ থেকে জানানো হয় শেষ মুহুর্তে অধ্যাপকদের বাদ দিতে হলে সমস্যায় পড়বে তারা । অনেক অধ্যাপকের ইতিমধ্যে প্রশিক্ষণ হয়ে গেছে বলেও জানায় কমিশন।

বিচারপতি কৃষ্ণা রাও নির্দেশে জানিয়েছিলেন, যাদের প্রশিক্ষণ হয়ে গেছে তারা ইচ্ছুক হলে প্রিসাইডিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করতে পারে। তবে আদালত, কলেজের অধ্যাপকদের প্রিসাইডিং অফিসার হিসাবে নিয়োগে সম্মতি দেয়নি। সেই নির্দেশের বিরুদ্ধেই বিচারপতি শম্পা সরকার এবং বিচারপতি অজয়কুমার গুপ্তের ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছে নির্বাচন কমিশন। আগামীকাল মামলার শুনানীর সম্ভাবনা।

-----------------

পশ্চিমবঙ্গে প্রথম দফা বিধানসভা নির্বাচনে মোট ৩'কোটি ৬০ লক্ষ ৭৭ হাজার ১৭১ জন ভোটার তাঁদের মতাধিকার প্রয়োগ করবেন।

এদের মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা- ১' কোটি ৮৬ লক্ষ ৯৯ হাজার ৪৯৬। মহিলা ভোটারের সংখ্যা- ১' কোটি ৭৫ লক্ষ ৭৭ হাজার ২১০। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন

৪৬৫ জন। তবে, আগামী ২১ শে এপ্রিল ট্রাইবুনালের তরফে যোগ্য ভোটারদের তালিকা প্রকাশের পর এই সংখ্যা পরিবর্তির হতে পারে।

-----------------

সুপ্রিম কোর্টের নির্দেশ মত অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ হচ্ছে না, এই অভিযোগে নতুন করে শীর্ষ আদালতের প্রধান বিচারপতির বেঞ্চের দ্বারস্থ হয়েছেন এক আইনজীবী। তাঁর দাবি, ট্রাইব্যুনালের অফিসের ভেতরে কোনো আইনজীবী বা আবেদনকারীকে প্রবেশ করতে দেওয়া হচ্ছে না। এমনকি আবেদনগুলি কম্পিউটারে বিবেচনা করা হচ্ছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চ, এব্যাপারে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের বক্তব্য জানতে চাওয়া হবে বলে আশ্বাস দিয়েছেন। একইসঙ্গে এসআইআর সংক্রান্ত বিষয় নিয়ে প্রতিদিন আদালতে নতুন নতুন আবেদন জমা পড়ায় অসন্তোষ ব্যক্ত করেছে বেঞ্চ।

উল্লেখ্য, শীর্ষ আদালতের নির্দেশে বিবেচনাধীন তালিকায় থাকা ভোটারদের নামের নিষ্পত্তির জন্য বিচার বিভাগীয় আধিকারিকদের নিয়োগ করা হয়। সেখান থেকে নাম বাদ পড়া ভোটারদের আবেদন শোনার জন্য গঠিত হয় ১৯ টি অ্যাপিলেট ট্রাইব্যুনাল।

-----------------

ভোটের আবহে তৃণমূল কংগ্রেসের প্রায় ৮০০ জন কর্মীকে গ্রেপ্তার করা হতে পারে, এই আশঙ্কায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে শাসক দল। আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়, আদালতের দৃষ্টি আকর্ষণ করে দাবি করেছেন, তৃণমূল কংগ্রেসের প্রায় ৮০০ জন নেতা কর্মীকে চিহ্নিত করে রাখা হয়েছে। নির্বাচন কমিশনের নির্দেশে পুলিশ যেকোনো সময়ে তাদের গ্রেপ্তার করতে পারে। অবিলম্বে এই বিষয়ে আদালতের হস্তক্ষেপ দাবি করেছেন তিনি। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী

সেনের ডিভিশন বেঞ্চ মামলা দায়েরের অনুমতি দিয়েছে। আগামী বুধবার এই মামলার শুনানি হতে পারে।

-----------------

ঝাড়খন্ডে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের মৃত্যুকে কেন্দ্র করে বেলডাঙায় অশান্তির ঘটনায় ১৫ জন অভিযুক্তের জামিন সংক্রান্ত নিম্ন আদালতের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে NIA। ৯০ দিনের মধ্যে চার্জশিট দিতে না পারায়, ১৫ জন অভিযুক্তকে শর্ত সাপেক্ষে জামিন দিয়েছে নিম্ন আদালত। কলকাতা হাইকোর্টের বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় ও বিচারপতি অপূর্ব সিনহা রায়ের দৃষ্টি আকর্ষণ করে জাতীয় তদন্তসংস্থার আইনজীবী আদালতে জানান, সুপ্রিম কোর্ট এই মামলা কলকাতা হাইকোর্টে ফেরত পাঠিয়েছে এবং এনআইএ-কে কলকাতা হাইকোর্টেই রিপোর্ট দিতে নির্দেশ দিয়েছে। এই পরিস্থিতিতে তাদের জামিন খারিজের আবেদন জানিয়েছে এনআইএ। আগামীকাল এই মামলার শুনানি হতে পারে।

-----------------

দক্ষিণ ২৪ পরগণার গোসাবার শম্ভুনগর গ্রাম পঞ্চায়েতের ভূপেন্দ্রপুর তৃণমূল কংগ্রেস কর্মীর গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় ৩ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। দলীয় প্রচার সেরে গতরাতে দিব্যেন্দু গায়েন নামে ওই ব্যক্তি বাড়ি ফেরার পথে বেশ কয়েকজন দুষ্কৃতী তাঁকে লক্ষ্য করে গুলি চালায় বলে অভিযোগ। গুরুতর আহত অবস্থায় প্রথমে তাঁকে ক্যানিং মহকুমা হাসপাতাল, কলকাতার চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিক্যাল কলেজে স্থানান্তরিত করা হয়।

এই ঘটনায় তৃণমূল কংগ্রেস বিজেপিকেই দায়ী করেছে। বিজেপি অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

------------------

কোচবিহারের নাটাবাড়িতে বিজেপি কর্মীর বাড়ির সামনে বোমা ফেলে রাখার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। কৌশিক দাস নামে ঐ বিজেপি নেতার দাবি, আজ সকালে তার বাড়ির পাশেই এই তাজা বোমা পরে থাকতে দেখা যায়। পরে পুলিশ এসে সেটিকে উদ্ধার করে। যদিও অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল।

এদিকে কোচবিহার শহর সংলগ্ন ফাঁসিঘাট থেকে গতরাতে ১৭ টি তাজা বোমা উদ্ধার হয়েছে।

------------------

জয়েন্ট এন্ট্রান্স মেন পরীক্ষার দ্বিতীয় সেশনের ফলাফল আজ প্রকাশ হতে পারে। প্রথম পত্রের B.E এবং B.Tech-এর ফল প্রকাশ করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। গত দুই থেকে ৮ই এপ্রিল পর্যন্ত পরীক্ষা নেওয়া হয়। ১১ লক্ষের বেশি পরীক্ষার্থী এই পরীক্ষা দিয়েছিলেন। প্রথম ও দ্বিতীয় সেশনের পরীক্ষার প্রাপ্ত নম্বর মিলিয়ে ফল প্রকাশ করা হবে।

------------------

চিরাচরিত ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে উত্তর কলকাতার বাগবাজারে গৌড়ীয় মিশনে একুশ দিনব্যাপী শ্রীকৃষ্ণের চন্দন যাত্রা উৎসবের আজ সূচনা হয়েছে। চলবে ১০ই মে পর্যন্ত। নাম সংকীর্তন, ভজন, ধর্মালোচনা, ভগবত পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানে বহু ভক্ত সমাগম হয়।

------------------

দক্ষিণবঙ্গে চলতি সপ্তাহে গরম ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কতা দেওয়া হয়েছে। শুষ্ক পশ্চিমী ও উত্তর-পশ্চিমী বাতাসের কারণে আগামী দু তিন দিনে তাপমাত্রা ধীরে ধীরে বেশ কিছুটা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।
আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় এক  ডিগ্রি বেশি। তবে, ঝাড়গ্রাম পশ্চিম মেদিনীপুর মুর্শিদাবাদ ও বীরভূম জেলায় আজ স্থানীয়ভাবে হালকা বৃষ্টি হতে পারে।

এদিকে, গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর দিকে এবং সংলগ্ন উত্তর-পূর্ব বাংলাদেশের উপর বিস্তৃত নিম্নচাপ অক্ষরেখার ভাবে স্থলভাগে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গে প্রায় সব জেলাতেই আগামী কাল পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে আজও রয়েছে হলুদ সর্তকতা।

----------------- -----------------